দৈনিক
ইত্তেফাক

তারিখ 4 MAY 2010
পৃষ্ঠা 6 কলাম 4

# বিশ্বের সকল শিক্ষকের সমর্থন চেয়েছে শিক্ষক কর্মচারী ফ্রন্ট

## জাতির শ্রেষ্ঠ সন্তান হত্যাকারীদের বিচার

■ ইত্তেফাক রিপোর্ট

যারা দেশের শিক্ষক ও বুদ্ধিজীবীদের হত্যা করেছে তাদের বিচারের দাবিতে বিশ্বের সকল শিক্ষকদের নৈতিক সমর্থন চেয়েছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহবায়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ মানবাধিকারের চরম লঙ্ঘনকারীরা পৈশাচিক নির্যাতনের মাধ্যমে জাতির শ্রেষ্ঠ সন্তানদের হত্যা করেছে। জীবিত অবস্থায় তাদের চোখ উপড়ে নিয়েছে, শরীরের অঙ্গ প্রত্যঙ্গ ছিন্ন বিচ্ছিন্ন করেছে, নারীদের চরম অসম্মান ও অপমান করেছে ও তাতে সহায়তা করেছে, ধর্মের নামে চরম অধর্মকে উস্কে দিয়েছে, স্বাধীনতা ও গণবিরোধী সামরিক জান্তাকে প্রকাশ্য বক্তব্য বিবৃতি দিয়ে সমর্থন ও সহযোগিতা জুগিয়েছে, নির্বিচারে শিশু হত্যা করেছে, ন্যূনতম মানবাধিকার ভূলুণ্ঠিত করেছে। এদের বিচারের জন্য ৩৮ বছর পর সরকার কাজ শুরু করেছে। এতে বিশ্বের সকল শিক্ষকের নৈতিক সমর্থন প্রয়োজন। তিনি আরো বলেন, ভবিষ্যতে কোন দেশে কোন সমাজে এ ধরণের পৈশাচিক নরাধম কার্যক্রম কেউ যাতে পরিচালনা করতে না পারে, সমর্থন ও সহযোগিতাদান থেকে বিরত থাকতে বাধ্য হয়- সে লক্ষ্যে আমাদের এ মানবিক আবেদনে বিশ্বের সংবেদনশীল বিবেকবান মানুষেরা সাড়া দেবে। তিনি বলেন, বিশ্বের ১৭১ দেশের চার শতাধিক শিক্ষক সংগঠন, ইউনেস্কো, ইউএনডিপি, এডুকেশন ইন্টারন্যাশনালসহ আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনসমূহের কাছে আমাদের মানবিক আবেদন পৌঁছে দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে। জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের নিজস্ব ওয়েব সাইট (www.nftebd.org)-এ বাংলা ও ইংরেজী উভয় ভাষায় তা দেখতে পাওয়া যাবে।

সাংবাদিক সম্মেলনে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের সদস্য সংগঠন, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ কারিগরি কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ সাত্তার, বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সভাপতি বিলকিস জামান, বাংলাদেশ বেসরকারি অধ্যক্ষ সমিতির আহবায়ক অধ্যক্ষ মিজানুর রহমান চৌধুরী, বাংলাদেশ সংযুক্ত শিক্ষক পরিষদের সভাপতি মাহবুব-উল-আলম তালুকদার, শিক্ষক সমিতির মহাসচিব এস এম আব্দুল জলিল, কারিগরি কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক সিরাজুল হক ভালো, সহকারী শিক্ষক পরিষদের আহবায়ক এম এ মন্নান, শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের মহাসচিব এম আরজু, কলেজ কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আনসার আলী ও উপদেষ্টা জুলফিকার আলী ভুট্টো প্রমুখ উপস্থিত ছিলেন।